গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.khulna.gov.bd

নম্বর : ০৫.৪৪.৪৭০০.০২১.১৮.০৫৬.২৪-৪৩৯ তারিখ : ২ মে, ২০২৪ খ্রি.

"গণবিজ্ঞপ্তি"

এতদ্দ্বারা খুলনা জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারী ব্যক্তি এবং খুলনা জেলায় বসবাসরত অন্য জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২১ মে ২০২৪, ২৯ মে ২০২৪ এবং ৫ জুন ২০২৪ খ্রিষ্টাব্দে যথাক্রমে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ পর্বে খুলনা জেলায় ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের ২৯ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২১-১৪৫ নম্বর প্রজ্ঞাপন মূলে এবং The Arms Act, 1878 (Act XI of 1878)- এর 17A(1) ধারার প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত আদেশ জারী করা হলো:

১। নিম্নবর্ণিত ছক মোতাবেক সকল ধরনের বৈধ অস্ত্রের মালিক/লাইসেন্সধারীগণ কর্তৃক অস্ত্র বহন, অস্ত্র প্রদর্শন এবং অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

| ক্রম | নির্বাচনী এলাকা/উপজেলার নাম | নির্বাচন অনুষ্ঠানের পর্ব | নির্বাচনের তারিখ | নিষেধাজ্ঞা আরোপের সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১. | দিঘলিয়া, ফুলতলা ও তেরখাদা | দ্বিতীয় পর্ব | ২১ মে ২০২৪ খ্রিষ্টাব্দ | ১৪ মে হতে ২৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দ |
| ০২. | ডুমুরিয়া, পাইকগাছা ও কয়রা | তৃতীয় পর্ব | ২৯ মে ২০২৪ খ্রিষ্টাব্দ | ২২ মে হতে ০৫ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ |
| ০৩. | বটিয়াঘাটা, রূপসা ও দাকোপ | চতুর্থ পর্ব | ০৫ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ | ২৯ মে হতে ১২ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ |

২। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ কাজে আইন-শৃঙ্খলা রক্ষার সাথে সম্পৃক্ত সকল বাহিনীর সদস্যদের ও বিভিন্ন সরকারি, আধাসরকারি এবং বেসরকারি দপ্তর, আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান এবং স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।

02.05.2024

খন্দকার ইয়াসির আরেফীন
জেলা ম্যাজিস্ট্রেট
খুলনা
ফোন : ০২৪৭৭-৭২১১১১(অফিস)
e-mail : dckhulan@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৪.৪৭০০.০২১.১৮.০৫৬.২৪-৪৩৯(৫০)/১ তারিখ : ০২ মে, ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৫। বিভাগীয় কমিশনার, খুলনা
০৬। পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা
০৭। পুলিশ সুপার, খুলনা
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা
০৯। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(এল এ)/( (শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা
১১। উপ-পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, খুলনা [তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা সদরসহ প্রত্যেক উপজেলায় মাইকযোগে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
১২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, খুলনা
১৩। উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট..............................................(সকল), খুলনা
১৪। সহকারী রিটার্নিং অফিসার.........................................(সকল), খুলনা
১৫। উপ প্রধান তথ্য অফিসার, পিআইডি, খুলনা (তাঁকে বিজ্ঞপ্তিটি প্রেস রিলিজ আকারে স্থানীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১৬। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য)
১৭। অফিসার ইন-চার্জ,..............................................., থানা (সকল), খুলনা
১৮। অফিস কপি

02.05.2024

খন্দকার ইয়াসির আরেফীন
জেলা ম্যাজিস্ট্রেট